বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

সূত্র নং ঃ ০৫-বিউবো(কর্ম)/৫/মজুরী-২৮/২০১২(খন্ড)

তারিখ ঃ ১১-০১-২০১৫ খ্রিঃ।

দপ্তরাদেশ

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভিন্ন দপ্তরে কাজ নাই মজুরী নাই/দৈনিক মজুরী/RFQ ভিত্তিতে নিয়োজিত নিম্নবর্ণিত শ্রমিকদেরকে বিধি মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে প্রচলিত অন্যান্য ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল'২০০৯ এর টাঃ ৪২৫০-২১০×৭-৫৭২০-ইবি-২২০×১১-৮১৪০/- স্কেলে এই আদেশে বর্ণিত শর্তে বোর্ডের বিভিন্ন দপ্তরে বিরাজমান সাহায্যকারী এর শুণ্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইল। তাহারা নিম্নোক্ত ছকের নামের পার্শ্বে ৫ নং কলামে বর্ণিত দপ্তরে পদস্থিত থাকিবেন ঃ

ক্রঃ নং	নাম, পিতার নাম ও জন্ম তারিখ	কাজ নাই মজুরী নাই/ দৈনিক মজুরী/RFQ পদ্ধতিতে নিয়োজিত বর্তমান দপ্তরের নাম	স্থায়ী ঠিকানা	পদস্থিত দপ্তরের নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	মোহাম্মদ আনিছুর রহমান পিতাঃ মৃত মোহাম্মদ আবদুল আউয়াল ০৬/০১/১৯৭১	কুমিল্লা কম্পিউটার কেন্দ্র, বিউবো, জাঙ্গালীয়া, কুমিল্লা।	গ্রামঃ রাকুদিয়া, পোষ্টঃ রাকুদিয়া, থানাঃ বাবুগঞ্জ, জেলাঃ বরিশাল।	কুমিল্লা কম্পিউটার কেন্দ্র, বিউবো, কুমিল্লা।	
২.	কাজী নুরুল আনোয়ার পিতাঃ কাজী নুরুল ইসলাম ০৩/০৬/১৯৭৭	চট্টগ্রাম কম্পিউটার কেন্দ্র, বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম।	গ্রামঃ আনোয়ারা (জয়কালী হাট), পোষ্টঃ আনোয়ারা, থানাঃ আনোয়ারা, জেলাঃ চট্টগ্রাম।	চট্টগ্রাম কম্পিউটার কেন্দ্র, বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম।	

শর্তাবলী ঃ

১। জাতীয় বেতন স্কেল' ২০০৯ খ্রিঃ [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান সমূহ] আদেশের ৯ অনুচ্ছেদের বিধান মোতাবেক তাঁহাদের বেতন নির্ধারিত হইবে;

২। এই নিয়োজন আদেশের পর নিয়মিত পদে যোগদানের তারিখ হইতে তাঁহাদের ক্যাজুয়াল নিয়োজন আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে এবং উক্ত পদগুলির বিপরীতে কাজ নাই মজুরী নাই/দৈনিক মজুরী/RFQ পদ্ধতিতে নতুনভাবে অন্য কাহাকেও নিয়োজন করা যাইবে না। সংশ্লিষ্ট দপ্তর প্রধান এই বিষয়টি নিশ্চিত করিবেন;

৩। কাজ নাই মজুরী নাই/দৈনিক মজুরী/RFQ পদ্ধতিতে নিয়োগের পর সার্টিফিকেট জাল, নিয়োগের বিষয়ে প্রদত্ত তথ্য অসত্য/ভুল প্রমাণিত হইলে সংশ্লিষ্ট কর্মচারী-কে কোন পুর্ব নোটিশ ব্যতিরেকে চাকুরী হইতে বরখাস্ত করা হইবে;

৪। তাঁহারা ২(দুই) বৎসর প্রবেশনার হিসাবে থাকিবেন। প্রযোজ্য ক্ষেত্রে প্রবেশনার কালের ১ বৎসর পর স্থানীয় দপ্তর কর্তৃক মুল্যায়ন পরীক্ষা গ্রহণ করিতে হইবে। প্রবেশনার কালে থাকাকালীন সময়ের সন্তোষজনক চাকুরী এবং পুলিশ কর্তৃক চরিত্র ও প্রাক-পরিচয় এর সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে পরবর্তীতে চাকুরী স্থায়ীকরণ (কনফার্ম) করা হইবে। প্রবেশনার কাল শেষে কোন আদেশ জারী না হইলে প্রবেশনার কাল বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তাঁহারা চাকুরীতে স্থায়ী না হওয়া পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না;

DB 18-2
Scan copy চট্টগ্রাম ও কুমিল্লা কম্পিউটার কেন্দ্রে প্রেরণ করুন।

৫। প্রবেশনার থাকাকালীন সময়ে তাঁহাদের কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্নে বলিয়া বিবেচিত হইলে কিংবা তাঁহারা অফিস শৃংখলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হইলে বা সন্তোষজনক পুলিশী প্রতিবেদন না পাওয়া গেলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তাঁহাদেরকে চাকুরী হইতে অপসারন করা হইবে;

৬। নিয়োগের তারিখে যাহাদের বয়স ৩০ বৎসর উত্তীর্ণ হইয়াছে তাঁহাদের ক্ষেত্রে ৩০ বৎসরের উর্দ্ধ বয়স শিথিল/প্রমার্জনকৃত বলিয়া গণ্য হইবে;

৭। তাহাদেরকে বোর্ডের যে কোন দপ্তরে যে কোন সময় বদলী করা যাইবে;

৮। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৮২ এবং তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী তাঁহাদের চাকুরী নিয়ন্ত্রিত হইবে;

৯। এই আদেশ জারীর তারিখ হইতে ২১(একুশ) দিনের মধ্যে পদস্থিত দপ্তরে যোগদান করিতে হইবে; অন্যথায়, নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

১০। নিয়োগপ্রাপ্তদের মধ্যে কেহ পোষ্য থাকিলে তিনি পোষ্য হিসাবে নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন। তাঁহার পরিবারের অন্য কোন সদস্য পোষ্য হিসাবে চাকুরী দাবী করিতে পারিবেন না;

১১। নিম্নলিখিত কাগজ-পত্রাদি যোগদান পত্রের সহিত দাখিল করিতে হইবে ঃ-

(ক) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার/সিনিয়র মেডিক্যাল অফিসার/মেডিক্যাল অফিসার অথবা কোন সরকারী মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত সনদপত্র;

(খ) বোর্ডের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত;

(গ) প্রার্থী যে সকল স্কুল/শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র পেশ করিয়াছেন তাঁহাদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি জমা রাখিয়া সংশ্লিষ্ট স্কুল/শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে যাচাই করিতে হইবে। যাচাই অন্তে, মূল সনদপত্রের অনুলিপি সংরক্ষণ করতঃ মূল কপি ফেরৎ যোগ্য। যোগদান পত্রের সহিত শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে;

(ঘ) পুলিশী তদন্তের নির্ধারিত ছক যথাযথভাবে পূরণ করিয়া উহার সহিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্র ও কোন এলাকার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র/ কাউন্সিলর এর প্রত্যায়ন পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিয়া যোগদান পত্রের সহিত দাখিল করিতে হইবে;

(ঙ) নিয়োগকৃত প্রার্থীদেরকে শৃংখলা, আইন মান্য করা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ পালন করা প্রভৃতি বিষয় উল্লেখ পূর্বক স্থানীয় দপ্তর কর্তৃক ১৫০ টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে লিখিত অংগীকার নামা নিতে হইবে। তাহারা রাষ্ট্র/বোর্ডের শৃংখলা পরিপন্থী কোন কর্মকান্ডে লিপ্ত হইলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকে চাকুরী হইতে বরখাস্ত করা হইবে;

(চ) উক্ত শর্তে চাকুরী করিতে সম্মত থাকার অঙ্গীকারনামা (এই নিয়োগ পত্রের ১ কপি যথাস্থানে স্বাক্ষর করিয়া যোগদান পত্রের সহিত দাখিল করিতে হইবে)।

আমি...
পিতা/স্বামীঃ...
স্বেচ্ছায়, স্বজ্ঞানে উল্লেখিত শর্ত সমূহ মানিয়া লইয়া বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে ....পদে অদ্য.............................. খ্রিঃ তারিখে যোগদান করিলাম এবং ভবিষ্যতে আমার প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে চাকুরী হইতে বরখাস্তসহ বোর্ড কর্তৃক প্রদত্ত যে কোন শাস্তি মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর..

বোর্ডের আদেশক্রমে,

২৯-১২-২০১৪ খ্রিঃ তারিখের ১৫৯৯তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্তক্রমে।

১১/১/১৫

(মোঃ মাহবুব মোরশেদ)
পরিচিতি নং-২-০০৬৯
উপ পরিচালক-৩
কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
ফোন ঃ ৯৫৮৬৪৮২ (অ)

সূত্র নং ঃ ০৫-বিউবো(কর্ম)/৫/মজুরী-২৮/২০১২(খন্ড) তারিখ ঃ ১১-০১-২০১৫ খ্রিঃ।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

১। প্রধান প্রকৌশলী/মহা-ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক(প্রঃ প্রঃ)প্রকল্প সমন্বয়কারী (প্রঃপ্রঃ)/অতি প্রধান প্রকৌশলী ....।
২। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ, বিউবো, ঢাকা/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বিউবো, ঢাকা।
৩। সচিব, বিউবো, ঢাকা।
৪। সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
৫। পরিচালক,তদন্ত ও শৃংখলা/জন-সংযোগ/নিরাপত্তা ও অনুসন্ধান/ সংগঠন ও পদ্ধতি/ সম্পত্তি ও যানবাহন/শ্রম ও কল্যাণ/ ক্রয় পরিদপ্তর/হিসাব/অর্থ/অডিট বিউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ব্যবস্থাপক/পরিচালক/প্রকল্প পরিচালক(তঃ প্রঃ), ...।
৭। **সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা (এই নিয়োগাদেশটি বিউবো'র ওয়েব-সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল)।**
৮। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/পি এন্ড ডি/কোম্পানী এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
৯। উপ-পরিচালক- /সহকারী পরিচালক- অত্র পরিদপ্তর, বিউবো, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, বিউবো, ...।
১১। সকল আঞ্চলিক হিসাব দপ্তর/সেল প্রধান, বিউবো, ...।
১২। জনাব ....।

১১/০১/১৫

(মোঃ রানা ইকবাল)
পরিচিতি নং-২-০২৩০
সহকারী পরিচালক-৫
কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
ফোন ঃ ৯৫৬৬০৬১-৫/৩৩০ (অ)